



# ডিআরপিএ বাস্তবায়নের নির্দেশক স্কেল

## ক। জেলা কমিটির সদস্যদের সভা

জেলা কমিটির সদস্যদের সাথে সভার উদ্দেশ্য হ'ল ডিআরপিএ এর অধীনে কমিটির সদস্যবৃন্দের দায়িত্ব সম্পর্কে অবহিত করা, সিআরপিডির সাথে ডিআরপিএ'র সম্পর্কের বিষয়ে কমিটির সদস্যবৃন্দকে সচেতন করা এবং প্রতিবন্ধী ব্যক্তির অধিকার বিষয়ক দাবিগুলো নিষ্পত্তির ক্ষেত্রে মূল সিদ্ধান্ত গ্রহণকারীদের সাথে সম্পর্ক গড়ে তোলা। উপরোক্ত উদ্দেশ্যসমূহ কতটুকু অর্জিত হয়েছে তা অনুধাবনের জন্য নিচের ছকটিতে জেলা কমিটির সদস্যদের সাথে অনুষ্ঠিত সভাসমূহের তারিখসহ প্রয়োজনীয় তথ্যসমূহ প্রদান করার জন্য অনুরোধ করা হচ্ছে।

১ - জেলা কমিটির বেশিরভাগ সদস্যই ডিআরপিএ সম্পর্কে অসচেতন।

২ - জেলা কমিটির বেশিরভাগ সদস্যরাই ডিআরপিএর অধীনে তাদের দায়িত্ব সম্পর্কে অসচেতন।

৩ - জেলা কমিটির বেশিরভাগ সদস্যদেরকেই ডিআরপিএ এবং কমিটির সদস্য হিসাবে তাদের দায়িত্ব সম্পর্কে সচেতন করা হয়েছে তবে এখনও কমিটির কোনো সভা অনুষ্ঠিত হয়নি।

৪ - জেলা কমিটির সদস্যরা তাদের প্রথম ত্রৈমাসিক সভা করেছেন তবে এটি স্বল্প সময়ের জন্যে বা অন্য কোন সরকারী কাজের সাথে মিলিতভাবে করা হয়েছিল। সভাটি সম্পূর্ণ কোরাম ছাড়া অনুষ্ঠিত হয়েছে এবং সভার কার্যবিবরণী সঠিকভাবে রেকর্ড করা হয়নি, বা জাতীয় কার্যনির্বাহী কমিটিকে এর কোন প্রতিবেদনও প্রেরণ করা হয়নি।

৫ - জেলা কমিটির সদস্যরা তাদের প্রথম ত্রৈমাসিক সভাটি যথাযথ নিয়ম মেনে যথার্থভাবে সম্পন্ন করেছেন। অর্থাৎ কোরাম ছিল, যথেষ্ট সময় নিয়ে অনুষ্ঠিত হয়েছে, কার্যবিবরণীও লিপিবদ্ধ করা হয়েছে। তবে পরবর্তীতে এমন কোনও সভা আয়োজন করা হয়নি।

৬ - জেলা কমিটির সদস্যরা উপরোক্ত মানদণ্ডগুলো মেনে যথার্থভাবে একাধিক সভায় মিলিত হয়েছেন। তবে এই সভাগুলি নির্ধারিত সময় অনুযায়ী হয়নি (অর্থাৎ প্রতি তিন মাসে একটি করে সভা আয়োজিত হয় নি)।

৭ - জেলা কমিটির সদস্যরা উপরোক্ত মানদণ্ডগুলো মেনে যথার্থভাবে একাধিক সভা আয়োজন করেছেন এবং অধিকাংশ সভা যথাযথ সময়ে বা নিয়মিতভাবে আয়োজন করেছেন। তবে তারা তাদের অন্যান্য বিধিবদ্ধ দায়িত্ব পালন করেননি। যেমন: ধারা ৩৬ এর অভিযোগের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়নি।

৮ - জেলা কমিটির সদস্যরা একটি পুরো বছর উপরোক্ত মানদণ্ডগুলো মেনে যথার্থভাবে একাধিক সভা যথাযথ সময়ে বা নিয়মিতভাবে আয়োজন করেছেন। তবে তারা তাদের অন্যান্য বিধিবদ্ধ দায়িত্ব পালন করেনি বা সময় মতো নির্দেশিত বা অন্যদের সাথে সভা না করেই তাদের কিছু দায়িত্ব পালন করেছেন। তাদের মিটিংয়ের গুণগত মানেরক্ষেত্রেও অস্পূর্ণতা ছিল।



৯ - জেলা কমিটির সদস্যরা উপরোক্ত মানদন্ডগুলো মেনে যথার্থভাবে একাধিক সভা যথাযথ সময়ে বা নিয়মিতভাবে আয়োজন করেছেন এবং সভাগুলো গত এক বছরব্যাপী (একটানা ৪টি সভা) করেছেন এবং তাদের অন্যান্য বিধিবদ্ধ দায়িত্বও পালন করেছেন।

১০ - জেলা ডিআরপিএ কমিটির সদস্যরা উপরোক্ত মানদন্ডগুলো মেনে যথার্থভাবে দুই বছর যাবৎ সভাসমূহ যথাযথ সময়ে বা নিয়মিতভাবে আয়োজন করেছেন (একটানা ৮ টি সভা) । এবং তাদের অন্যান্য সংবিধিবদ্ধ দায়িত্বও সঠিকভাবে পালন করেছেন।